



BBC জানালা

ইংরেজি শেখার বই

তৃতীয় খণ্ড

আমার ইংরেজি কোর্স-এক



BBC জানালা

প্রথম প্রান্ত



মোবাইলের মাধ্যমে
বিবিসি জানালা আমার ইংরেজি
কোর্স-এ অংশগ্রহণ করতে
কল করুন 30006-এ।*

* চার্জ প্রযোজ্য



ইন্টারনেট

www.bbcjanala.com

-এর মাধ্যমেও আপনি
BBC জানালা আমার
ইংরেজি কোর্স-এ অংশ
নিতে পারবেন।



মোবাইলের
ইন্টারনেট থেকে

bbcjanala.com/mobile

সাইটে আপনি

BBC জানালা আমার
ইংরেজি কোর্স-এ
অংশ নিতে পারবেন।



BBC জানালা'র
লেসনগুলো পড়ুন দৈনিক
প্রথম আলোর
পড়াশোনা পাতায়।

BBC জানালা ইংরেজি শেখার বই

এই বইয়ে আছে

- ▶ দৈনন্দিন জীবনে ব্যবহারের জন্য ইংরেজি লেসন। এই লেসনগুলো চর্চা করে আপনি সহজেই ইংরেজিতে আরও দক্ষ হয়ে উঠবেন। জানতে পারবেন ইংরেজি চর্চার জন্য মজার সব কৌশল।
- ▶ সহজ ব্যাকরণ, নতুন ইংরেজি শব্দ এবং ইংরেজিতে কথা বলার জন্য দরকারি ইংরেজি লেসন। এসব লেসনের উদাহরণগুলো পড়ে আপনি আপনার বন্ধু ও পরিবারের সদস্যদের সঙ্গে ইংরেজিতে কথা বলা চর্চা করতে পারবেন।
- ▶ বইয়ের বিভিন্ন অংশ ব্যবহারের জন্য সহজ নির্দেশিকা এবং প্রতিটি অনুশীলনীর উত্তরপত্র।
- ▶ BBC জানালা আমার ইংরেজি কোর্স-এক-এর অডিও সিডি।

“আমি মঙ্গল প্রাথমিক স্কুলের শিক্ষার্থীদের ইংরেজি পড়াই
তখন আমি তুমি-কাজে লাগতে পারি। আমি মনে করি
সবাই কোর্সটি থেকে উপকৃত হবে, আমরা সবসময়ই এ
বন্ধদের বাস্তব ব্যবহার করি এবং অল্পমূল্যে প্রাপ্তিক, ”

দৈনিক প্রথম আলোতে প্রকাশিত বিবিসি জানালা লেসন ব্যবহারকারী

“সেদিনগুলো খোঁজতে খুবই মনোযোগ বৃদ্ধি। এর মধ্যে কিছু
লেসন যদিও আদ্যকাল থেকে খুবই মজার কিছু
বৃদ্ধি, তুমি আমি মনে করি প্রথম জানালা'র এই লেসনগুলো
কৃত্রিম শেখার হয় একটি কৃত্রিমক ও মনোযোগী পত্র। ”

দৈনিক প্রথম আলোতে প্রকাশিত বিবিসি জানালা লেসন ব্যবহারকারী

BBC জানালা যুক্তরাজ্য সরকারের অর্থায়নে পরিচালিত
‘ইংলিশ ইন অ্যাকশন’ প্রকল্পের অওতায় বাস্তবায়িত হচ্ছে।

© 2014 BBC Media Action. All Rights Reserved.



BBC জানালা
ইংরেজি শেখার বই
(তৃতীয় খণ্ড)

আমার ইংরেজি কোর্স-এক



প্রথম প্রান্ত



BBC জানালা ইংরেজি শেখার বই (তৃতীয় খণ্ড)
আমার ইংরেজি কোর্স-এক

গ্রন্থকর্তা : বিবিসি মিডিয়া অ্যাকশন, বাংলাদেশ
দ্বিতীয় মুদ্রণ : অক্টোবর ১৪২১, নভেম্বর ২০১৪
প্রথম প্রকাশ : আশ্বিন ১৪২১, সেপ্টেম্বর ২০১৪
প্রকাশক : প্রথমা প্রকাশন

সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ
কারওয়ান বাজার, ঢাকা ১২১৫, বাংলাদেশ
মুদ্রণ : কমলা প্রিন্টার্স
৪১ ভোপখানা, ঢাকা ১০০০

মূল্য : ১৬০ টাকা মাত্র

BBC Janala English learning book (3rd Part)
Amar Engreji Course-Ek
© 2014 BBC Media Action, Bangladesh
Published in Bangladesh by Prothoma Prakashan
CA Bhaban, 100 Kazi Nazrul Islam Avenue
Karwan Bazar, Dhaka 1215, Bangladesh
Telephone : 8180078-81
e-mail : prothoma@prothom-alo.info
Price : Taka 160 Only
ISBN 987 984 90255 1 1



আমাদের কথা

'BBC জানালা ইংরেজি শেখার বই'-এর তৃতীয় খণ্ডে সব শিক্ষার্থীকে স্বাগত।

ঘরে বসে সহজেই ইংরেজি শেখার জন্য BBC জানালা ইতিমধ্যেই বন্ধুত্বপূর্ণ, নির্ভরযোগ্য ও মানসম্পন্ন একটি নাম হিসেবে পরিচিত হয়ে উঠেছে। ইংরেজি ভাষা শিখতে আগ্রহী মানুষেরা এখন টিভি, মোবাইল ফোন, ইন্টারনেট, সংবাদপত্র, সিডি ও বইয়ের মতো একাধিক মাধ্যমে BBC জানালার লেসনগুলো দেখতে, শুনতে বা পড়তে পারছেন। আমাদের এই বই বাংলাদেশের মানুষের কাছে BBC জানালার লেসনগুলো পৌঁছে দেওয়ার সেই ধারাবাহিক প্রচেষ্টারই আরেকটি ধাপ। আমরা বিশ্বাস করি, এই বই দেশজুড়ে আরও বেশিসংখ্যক মানুষকে তাদের ইংরেজি দক্ষতা-বাড়িয়ে তুলতে সাহায্য করবে।

BBC জানালা যুক্তরাজ্য সরকারের অর্থায়নে পরিচালিত ইংলিশ ইন অ্যাকশন নামের একটি বৃহৎ শিক্ষা প্রকল্পের অংশ। এই প্রকল্পের লক্ষ্য হলো, ২০১৭ সালের মধ্যে বাংলাদেশের আড়াই কোটি মানুষের ইংরেজি ভাষার দক্ষতা বাড়িয়ে তোলা এবং এই দক্ষতা কাজে লাগিয়ে বিশ্ব-অর্থনীতিতে বাংলাদেশি মানুষের অংশগ্রহণ নিশ্চিত করে দেশের অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখা।

বইটি প্রকাশের জন্য আমাদের সহযোগী দৈনিক *প্রথম আলো* সঙ্গে আরও একবার কাজ করতে পেয়ে আমরা খুবই আনন্দিত। আর এই অব্যাহত সহায়তার জন্য আমরা আন্তরিকভাবে ধন্যবাদ জানাতে চাই *প্রথম আলো*কে।

পরিশেষে আমরা আরও একবার আপনাকে মনে করিয়ে দিতে চাই যে আপনার ইচ্ছা থাকলে আপনি অবশ্যই পারবেন। 'চাইলেই পারবেন!'

শার্লট ইমবার্ট

কান্ট্রি ডিরেক্টর, বিবিসি মিডিয়া অ্যাকশন, বাংলাদেশ
০১ সেপ্টেম্বর ২০১৪



আমাদের কথা

ইংরেজি নিয়ে আমাদের ধারাবাহিক কার্যক্রমের অংশ হিসেবে 'বিবিসি জানালা ইংরেজি শেখার বই'—তৃতীয় খণ্ড, 'আমার ইংরেজি কোর্স-এক' বইটি প্রকাশিত হলো। এর আগে এ ধরনের আরও দুটি বই প্রকাশিত হয়েছে, যা পাঠকের সমাদর পেয়েছে। আমরা ধরে নিতে পারি, ইংরেজি ভাষা শেখার ক্ষেত্রে এই বইগুলো হয়তো কিছুটা হলেও সাহায্য করছে।

ইংরেজি ভাষা শেখার ক্ষেত্রে *প্রথম আলো* উদ্যোগী হয়ে বিবিসি মিডিয়া অ্যাকশনের সহযোগিতায় বিবিসি জানালার লেসন (পাঠক্রম) সত্তাহে চার দিন পত্রিকায় প্রকাশ করে আসছে। অভিজ্ঞ শিক্ষকদের দিয়ে তৈরি এই লেসনগুলো *প্রথম আলো* পাঠকেরা পছন্দ করেছেন।

বিবিসি মিডিয়া অ্যাকশনের সহযোগিতায় তৃতীয় বইটি প্রকাশে যাদের অবদান অনস্বীকার্য, সেই অভিজ্ঞ শিক্ষকদের আমরা ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। পাশাপাশি ধন্যবাদ জানাই বিবিসি মিডিয়া অ্যাকশন, *প্রথম আলো* ও প্রথমা প্রকাশনের সংশ্লিষ্ট কর্মীদের, এই বই প্রকাশে যাদের সহযোগিতা ও প্রয়াস অনস্বীকার্য।

আশা করি, 'বিবিসি জানালা ইংরেজি শেখার বই'—তৃতীয় খণ্ড, 'আমার ইংরেজি কোর্স-এক' বইটি আপনাদের ভালো লাগবে। আপনাদের ভালো লাগলেই আমাদের এই প্রয়াস সফল হবে।

মতিউর রহমান

সম্পাদক, প্রথম আলো
০১ সেপ্টেম্বর ২০১৪



বইটি ব্যবহারের পরামর্শ

BBC জানালা ইংরেজি শেখার বই-তৃতীয় খণ্ড-তে আপনাকে স্বাগত। এই বইটিতে BBC Janala আমার ইংরেজি কোর্স-এক-এর লেসনগুলো একত্রে প্রকাশ করা হলো। লেসনগুলো পড়ে ও চর্চা করে আপনি বিভিন্ন ইংরেজি শব্দ ও বাক্য শিখতে পারবেন এবং চাকরি, ব্যবসা ও দৈনন্দিন জীবনের বিভিন্ন প্রয়োজনে আরও ভালোভাবে ইংরেজি ভাষা ব্যবহার করতে পারবেন। বিদেশে যাওয়া, কোনো অতিথির সঙ্গে কথা বলা, কর্মক্ষেত্রে কথা বলা, বন্ধুদের সঙ্গে গল্প করা অথবা নতুন একটি ভাষা আয়ত্ত করা—প্রয়োজন যা-ই হোক না কেন, এই বই পড়ে আপনি অনেক আনন্দ নিয়ে ইংরেজি শিখতে পারবেন।

এই বইয়ের প্রতিটি লেসনের শেষে বিভিন্ন অনুশীলনীতে দেওয়া প্রশ্নগুলোর উত্তর দেওয়া আছে। এতে যেকোনো লেসন শেষ করার পর আপনি সহজেই আপনার উত্তরগুলো মিলিয়ে নিতে পারবেন। এ ছাড়া বইয়ের শেষে দেওয়া কুইজটি সম্পন্ন করে আপনি সহজেই ইংরেজিতে নিজের দক্ষতা যাচাই করতে পারবেন।

এই বইয়ের লেসনগুলো পড়ার পাশাপাশি বিভিন্ন লেসনে থাকা বিষয়গুলো ব্যবহার করে আপনি নানাভাবে ইংরেজি চর্চা করতে পারবেন। এ বিষয়ে ধারণা পাওয়ার জন্য নিচের পরামর্শগুলো লক্ষ করুন।

লেসনের কথোপকথনগুলো ব্যবহার করুন

- এই বইয়ের লেসনগুলোতে যখনই কোনো কথোপকথন দেখবেন, তখন সেই কথোপকথনগুলো মনোযোগ দিয়ে পড়ুন এবং সেগুলো ভালোভাবে বুঝতে চেষ্টা করুন।
- এই বইয়ের লেসনগুলোতে বিভিন্ন ব্যক্তির কথোপকথন দেওয়া আছে। আপনার পরিবারের সদস্য বা বন্ধুদের সঙ্গে সেই কথোপকথনগুলো চর্চা করুন। চর্চা করার সময় কথোপকথনের বাক্যগুলো স্পষ্টভাবে জোরে জোরে বলে উচ্চারণ করুন। এভাবে কথোপকথনগুলো বারবার চর্চা করুন এবং প্রয়োজনে নিজের ভূমিকাও পরিবর্তন করে নিন। আপনি যত বেশি চর্চা করবেন, ইংরেজিতে আপনার দক্ষতা ততই বাড়বে।
- বিভিন্ন লেসনের কথোপকথনগুলো লক্ষ করুন। এবার সেই কথোপকথনগুলো অনুসরণ করে আপনি ইংরেজিতে নতুন কিছু কথোপকথন তৈরি করুন। নতুন কথোপকথনগুলো বলা বা লেখার সময় এই বইয়ের অন্যান্য লেসনে শেখা শব্দ ও বাক্যগুলো ব্যবহার করুন।

নতুন শব্দ শিখুন

- এই বইয়ের লেসনগুলোতে আপনি অনেক নতুন ইংরেজি শব্দ শিখতে পারবেন। এভাবে যত বেশি নতুন শব্দ শিখবেন, আপনার ইংরেজিতে কথা বলার দক্ষতা ততই বাড়বে। বিভিন্ন লেসনে শেখা নতুন শব্দগুলো বাংলা অর্থসহ একটি নোটবুকে লিখে রাখুন। পরে নতুন শব্দগুলো ব্যবহার করে ছোট ছোট বাক্য তৈরি করার চেষ্টা করুন।
- আপনার পরিবারের সদস্য ও বন্ধুদের সঙ্গে নিয়ে নতুন ইংরেজি শব্দগুলোর বানান চর্চা করুন। এ বিষয়ে আপনার দক্ষতা কতটুকু, তা যাচাই করার জন্য একে অন্যকে ইংরেজি শব্দের বানান জিজ্ঞাস করুন ও উত্তর দিন।

অডিও সিডি ব্যবহার করুন

বইয়ের সঙ্গে দেওয়া অডিও সিডিটিতে বিভিন্ন লেসনে শেখানো কথোপকথন, শব্দাবলি এবং গ্র্যামার অংশের ইংরেজি শব্দ ও বাক্যগুলো দেওয়া আছে।

লেসনগুলো পড়ার সময় সিডি থেকে শব্দ ও বাক্যগুলোর উচ্চারণ শুনুন এবং আপনার ইংরেজি উচ্চারণ আরও সঠিক ও সুন্দর করার চেষ্টা করুন।

আমরা আশা করি, এই বইয়ের লেসনগুলো আপনি অনেক আনন্দ নিয়ে পড়বেন এবং সেগুলো আপনার দৈনন্দিন জীবনে অনেক উপকারে আসবে। এই বইয়ে যা কিছু শিখছেন, সেসব অবশ্যই চর্চা করুন এবং ইংরেজিতে কথা বলার সময় সেগুলো ব্যবহার করুন। এ ছাড়া নিয়মিতভাবে চর্চা করার জন্য আপনার পরিবারের সদস্য বা বন্ধুদের সঙ্গে নিয়ে একটি ক্লাবও গড়ে তুলতে পারেন। এই ক্লাবে প্রতিদিন একটি নির্দিষ্ট সময়ে আপনারা ইংরেজি চর্চা করতে পারবেন।

মনে রাখবেন, আপনি যত বেশি চর্চা করবেন, ইংরেজিতে আপনার দক্ষতা ততই বাড়বে। চাইলেই পারবেন!

আমার ইংরেজি কোর্স - এক

চ্যাপ্টার-এক আপনার পুরো নাম কী? : প্রথম অংশ



হ্যালো, বিবিসি জানালা আমার ইংরেজি কোর্স-এক-এর প্রথম চ্যাপ্টারে আপনাদের শিক্ষক হিসেবে আছি আমি জানি।
এই চ্যাপ্টারে আমরা শিখছি নাম নিয়ে ইংরেজিতে কীভাবে কোনো কিছু বলতে হয়।
চ্যাপ্টারটির প্রথম এই অংশে শিখুন নামবিষয়ক কথোপকথন।

১ অনুশীলনী

আসুন, সাক্ষির সঙ্গে পরিচিত হই। সাক্ষির একটি 'কল সেন্টার'-এ আজই প্রথম কাজে এসেছেন। এখানে সাক্ষির তার ম্যানেজার রনির সঙ্গে কথা বলছেন। নিচে রনি ও সাক্ষিরের কথোপকথনটি পড়ুন। বলুন তো, রনি সাক্ষিরের কাছে কী জানতে চাইছেন?



Rony : What is your full name?
Sabbir : My full name is Sabbir Hossain.
Rony : And what is your first name?
Sabbir : My first name is Sabbir.
Rony : And what is your last name?
Sabbir : It is Hossain.

লক্ষ করুন, প্রতিদিনের ইংরেজি কথোপকথনে আমরা প্রায়ই **What is**-এর পরিবর্তে **What's** বলে থাকি।

কারও কাছে নিজের পরিচয় দেওয়ার সময় ইংরেজিতে আমরা বলি-

Hello. I am + নিজের নাম.

এভাবে কাউকে নিজের নাম বা পরিচয় জানানোর পর আমরা সাধারণত ইংরেজিতে **Nice to meet you.** বলে থাকি।

আবার, তথ্য যাচাই বা দাপ্তরিক কোনো ফর্ম পূরণের সময় নাম জানানোর জন্য সাধারণত **What is your full name?** এই প্রশ্নটি করা হয়।

২ অনুশীলনী

নিচে একটি বন্ধে নামবিষয়ক কিছু ইংরেজি বাক্য দেওয়া আছে এবং বাক্যগুলোর নিচে অপর আরেকটি বন্ধে সেগুলোর বাংলা অর্থ লেখা আছে। ইংরেজি বাক্যগুলোর সঙ্গে বাংলা বাক্যগুলো মিলিয়ে নিন। আপনার উত্তরগুলো ইংরেজি বাক্যের পাশে দেওয়া শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

1. What is your full name? খ _____
2. My full name is Sabbir Hossain. _____
3. Nice to meet you. _____
8. My first name is Sabbir. _____
৫. My last name is Hossain. _____

ক. আমার নামের শেষ অংশ হোসেন।

খ. আপনার পুরো নাম কী?

গ. আপনার সঙ্গে পরিচিত হয়ে খুশি হলাম।

ঘ. আমার পুরো নাম সাক্ষির হোসেন।

ঙ. আমার নামের প্রথম অংশ সাক্ষির।

৩ অনুশীলনী

নিচে শূন্যস্থানসহ কয়েকটি বাক্য আছে এবং বাক্যগুলোর উপরে একটি বন্ধে কয়েকটি শব্দ দেওয়া আছে। বন্ধে থাকা এই শব্দগুলো ব্যবহার করে শূন্যস্থানগুলো পূরণ করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

Hello Nice first full last

১. Nice to meet you.
2. My _____ name is Rony.
৩. My _____ name is Das.
8. _____, I am Sabbir Hossain.
৫. What is your _____ name?

উত্তর

অনুশীলনী-এক : রনি সাক্ষিরের কাছে তার পুরো নাম, নামের প্রথম অংশ ও নামের শেষ অংশ জানতে চাইছেন।
অনুশীলনী-দুই : ২-ঘ, ৩-গ, ৪-ঙ, ৫-ক
অনুশীলনী-তিন : ২-first, ৩-last, ৪-Hello, ৫-full

আমার ইংরেজি কোর্স - এক

চ্যান্টার-এক আপনার পুরো নাম কী? : দ্বিতীয় অংশ



হ্যালো, বিবিসি জানালা আমার ইংরেজি কোর্স-এক-এর প্রথম চ্যান্টারে আপনাদের শিক্ষক হিসেবে আছি আমি জানিয়া।

এই চ্যান্টারে আমার শিক্ষার্থি নাম নিয়ে ইংরেজিতে কীভাবে কোনো কিছু বলতে হয়।

চ্যান্টারটির দ্বিতীয় এই অংশে শিখুন নামবিষয়ক শব্দাবলি।

১ অনুশীলনী

সাব্বিরের ছবিটি দেখুন। বলুন তো, এখানে সাব্বির তার হাতে কী ধরে আছেন?



এবার সাব্বির সম্পর্কে নিচের বাক্যগুলো পড়ুন। বলুন তো, সাব্বিরের ডাকনাম কী?

Hi, I am Sabbir. My full name is Sabbir Hossain. My first name is Sabbir and my last name is Hossain. Everybody calls me Sabbir because that is my nickname.

My father's name is Kabir and my mother's name is Shamima. I am married and my wife's name is Munira. I also have a brother. His name is Arif.

২ অনুশীলনী

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে চর্চা করুন। বা দিকের ইংরেজি শব্দগুলোর সঙ্গে ডান দিকের বাংলা শব্দগুলো মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

- | | |
|--------------------|--------------------|
| ১. first name | ক. স্বামীর নাম |
| ২. last name | খ. ডাকনাম |
| ৩. full name | গ. বাবার নাম |
| ৪. nickname | ঘ. নামের শেষ অংশ |
| ৫. mother's name | ঙ. স্ত্রীর নাম |
| ৬. father's name | চ. ভাইয়ের নাম |
| ৭. sister's name | ছ. নামের প্রথম অংশ |
| ৮. brother's name | জ. বোনের নাম |
| ৯. wife's name | ঝ. পুরো নাম |
| ১০. husband's name | ঞ. মায়ের নাম |

৩ অনুশীলনী

নিচের এলোমেলো বর্ণগুলো সঠিকভাবে সাজিয়ে নিন এবং নামবিষয়ক বিভিন্ন শব্দ তৈরি করুন। আপনার উত্তরগুলো এলোমেলো বর্ণের পাতে দেওয়া শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

- | | |
|---------------|-----------|
| ১. tasl mnae | last name |
| ২. nnkicmae | _____ |
| ৩. lufi mnea | _____ |
| ৪. strfi mena | _____ |

৪ অনুশীলনী

নিচের নামবিষয়ক প্রশ্নগুলো লক্ষ করুন। এবার আপনার ও আপনার পরিবারের সদস্যদের নাম ব্যবহার করে এই প্রশ্নগুলোর উত্তর দিন আপনার উত্তরগুলো বাক্যের মাঝে দেওয়া শূন্যস্থানে লিখুন।

- What is your full name?
My full name is _____ (আপনার পুরো নাম).
- What is your first name?
My first name is _____.
- What is your last name?
My last name is _____.
- What is your mother's name?
My mother's name is _____.

উত্তর

অনুশীলনী-এক : সাব্বির একটি পরিচয়পত্র ধরে আছেন। তার ডাকনাম সাব্বির।

অনুশীলনী-দুই : ২-ঘ, ৩-ঝ, ৪-খ, ৫-ঞ, ৬-গ, ৭-জ, ৮-চ

৯-ঙ, ১০-ক

অনুশীলনী-তিন : ২-nickname, ৩-full name, ৪-first name

আমার ইংরেজি কোর্স-এক

চ্যান্টার-এক আপনার পুরো নাম কী? : তৃতীয় অংশ



হ্যালো, বিবিসি জানালা আমার ইংরেজি কোর্স-এক-এর প্রথম চ্যান্টারে আপনাদের শিক্ষক হিসেবে আছি আমি জানি।
এই চ্যান্টারে আমরা শিখছি নাম নিয়ে ইংরেজিতে কীভাবে কোনো কিছু বলতে হয়।
চ্যান্টারটির তৃতীয় এই অংশে শিখুন নামবিষয়ক ধ্যামার।

১ অনুশীলনী

আপনার পরিবারে কে কে আছেন? নিচের ছবিগুলো লক্ষ করুন। আপনি কি এখানে সাক্ষিরকে দেখতে পাচ্ছেন? এই ছবির অন্যদের পরিচয় কী বলে আপনার মনে হয়? ছবির নিচে দেওয়া লেখাগুলো পড়ুন। বলুন তো, এখানে সাক্ষির তার পরিবারের কোন কোন সদস্যের কথা উল্লেখ করেছেন?



Hi. My name is Sabbir and these are some photos of my family. This is my father and his name is Kabir. This is my mother and her name is Shamima. This is my wife and her name is Munira. I also have a brother and his name is Arif.

২ অনুশীলনী

অনুশীলনী-এক-এর বাক্যগুলো আরেকবার পড়ুন। এবার নিচের বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যটির পাশে T লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে F লিখুন। T অর্থাৎ True, মানে সত্য এবং F অর্থাৎ False, মানে মিথ্যা। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

1. You can see Sabbir's family in the photos. [T]
2. Sabbir's father's name is Kabir. []
3. His mother's name is Mahmuda. []
4. His wife's name is Munira. []
5. He does not have a brother. []

৩ অনুশীলনী

নিচে শূন্যস্থানসহ কয়েকটি বাক্য রয়েছে এবং প্রতিটি বাক্যের শেষে ব্র্যাকেটে কিছু শব্দ দেওয়া আছে। ব্র্যাকেটের মধ্য থেকে সঠিক শব্দটি ব্যবহার করে বাক্যগুলো সম্পূর্ণ করুন। আপনার উত্তরগুলো বাক্যের মাঝে থাকা শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

1. We use 'my' before 'name' when we are giving our own name. (my/his)
2. We use '_____' before 'name' when we are giving the name of another man. (his/her)
3. We use '_____' before 'name' when we are giving the name of another woman. (his/her)
4. We use '_____' before 'name' when we are giving the name of an animal. (his/its)

৪ অনুশীলনী

নিচে শূন্যস্থানসহ কয়েকটি বাক্য আছে এবং প্রতিটি বাক্যের শেষে ব্র্যাকেটে কিছু শব্দ দেওয়া আছে। ব্র্যাকেটের মধ্য থেকে সঠিক শব্দটি ব্যবহার করে বাক্যগুলো সম্পূর্ণ করুন। আপনার উত্তরগুলো বাক্যের মাঝে থাকা শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

1. What is your first name?
My first name is Rony. (My/His)
2. What is your wife's name?
_____ name is Juthi. (His/Her)
3. What is your husband's name?
_____ name is Kamrul. (His/Her)

উত্তর

অনুশীলনী-এক : সাক্ষির তার পরিবারের সদস্যদের মধ্য থেকে বাবা, মা, ভাই ও স্ত্রীর কথা বলেছেন।
অনুশীলনী-দুই : ২-T, ৩-F, ৪-T, ৫-F
অনুশীলনী-তিন : ২-his, ৩-her, ৪-its
অনুশীলনী-চার : ২-Her, ৩-His

আমার ইংরেজি কোর্স - এক


চ্যান্টার-দুই আপনার কি মোবাইল ফোন আছে? : প্রথম অংশ



হ্যালো, বিবিসি জানালা আমার ইংরেজি কোর্স-এক-এর দ্বিতীয় চ্যান্টারে আপনাদের শিক্ষক হিসেবে আমি মাঝরুকা। এই চ্যান্টারে আমরা শিখছি সংখ্যা নিয়ে ইংরেজিতে কীভাবে কোনো কিছু বলতে হয়। চ্যান্টারটির প্রথম এই অংশে শিখন সংখ্যাবিষয়ক কথোপকথন।

১ অনুশীলনী

নুসরাত একটি নতুন অ্যাকাউন্ট বা হিসাব খোলার জন্য ব্যাংকে এসেছেন। এখানে তিনি ব্যাংকের একজন কর্মকর্তা ফাতিমার সঙ্গে কথা বলছেন। নিচে নুসরাত ও ফাতিমার কথোপকথনটি পড়ুন। বলুন তো, নুসরাতের কি মোবাইল ফোন আছে?



Fatima : I need your contact details (যোগাযোগের তথ্য).
Do you have a mobile phone?

Nusrat : Yes, I do.

Fatima : What is your phone number?

Nusrat : It is 0456789.

Fatima : Sorry, can you say that again?

Nusrat : It is 0456789.

Fatima : 0456789. Thank you.

লক্ষ করুন, কাউকে কোনো কিছু পুনরায় বলার জন্য অনুরোধ করতে হলে আমরা বলি — **Sorry, can you say that again?**

২ অনুশীলনী

অনুশীলনী-এক-এর বাক্যগুলো আরেকবার পড়ুন। এবার ডান দিকের বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যটির পাশে **T** লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে **F** লিখুন। **T** অর্থাৎ **True**, মানে সত্য এবং **F** অর্থাৎ **False**, মানে মিথ্যা। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

১. Nusrat and Fatima are in a shop. [F]
২. Nusrat has a mobile phone. []
৩. Fatima asks Nusrat for her phone number. []
৪. Nusrat's phone number is 0135689. []
৫. Fatima asks Nusrat to repeat her number. []

৩ অনুশীলনী

নিচের এলোমেলো শব্দগুলো সঠিকভাবে সাজিয়ে বিভিন্ন বাক্য তৈরি করুন। আপনার উত্তরগুলো এলোমেলো শব্দের নিচে থাকা শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

১. a phone? mobile Do have you
Do you have a mobile phone?

২. do. I Yes,

৩. your is What number? phone

৩. is 0456789. It

৪. say again? that Sorry, can you

৪ অনুশীলনী

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে অনুশীলনী-এক-এর কথোপকথনটি স্পষ্টভাবে জোরে জোরে উচ্চারণ করে চর্চা করুন। চর্চা করার সময় একে অন্যকে ফাতিমা ও নুসরাতের বাক্যগুলো বলুন এবং নিজেদের মধ্যে ভূমিকা পরিবর্তন করে বেশি বেশি চর্চা করুন।

উত্তর

অনুশীলনী-এক : হ্যাঁ, নুসরাতের একটি মোবাইল ফোন আছে।

অনুশীলনী-দুই : ২-T, ৩-T, ৪-F, ৫-T

অনুশীলনী-তিন : ২-Yes, I do. ৩-What is your phone number? ৪-It is 0456789. ৫-Sorry, can you say that again?

আমার ইংরেজি কোর্স - এক

চ্যান্টার-দুই আপনার কি মোবাইল ফোন আছে? : দ্বিতীয় অংশ



হ্যালো, বিবিসি জানালা আমার ইংরেজি কোর্স-এক-এর দ্বিতীয় চ্যান্টারে আপনাদের শিক্ষক হিসেবে আছি আমি মাবরুকা।
এই চ্যান্টারে আমরা শিখছি সংখ্যা নিয়ে ইংরেজিতে কীভাবে কোনো কিছু বলতে হয়।
চ্যান্টারটির দ্বিতীয় এই অংশে শিখুন সংখ্যাবিষয়ক শব্দাবলি।

১) অনুশীলনী

আপনার কি কোনো ব্যাকে অ্যাকাউন্ট আছে? এখানে নুসরাত ব্যাংকের একজন কর্মকর্তা ফাতিমার সাহায্য নিয়ে একটি ব্যাংক অ্যাকাউন্ট খুলছেন। নিচে তাদের কথোপকথনটি পড়ুন। বলুন তো, ফাতিমা নুসরাতের কাছে কী জানতে চাইছেন?



Fatima : What is your mobile phone number?

Nusrat : It is 0456789.

Fatima : And what is your work number
(অফিসের ফোন নম্বর)?

Nusrat : It is 0123456.

Fatima : When is a good time to call?

Nusrat : Call me after seven (৭টার পরে).

লক্ষ করুন, ফোনে কারও সঙ্গে কোনো জরুরি কথা বলার জন্য আমরা তাকে সাধারণত এই প্রমতি করে থাকি—

When is a good time to call?

সাধারণত একজন ব্যক্তিকে কখন ফোন করা যাবে তা জানার জন্যই এই প্রমতি করা হয়ে থাকে।

২) অনুশীলনী

ডান দিকে দেওয়া ছকটি লক্ষ করুন। ছকের বাঁ দিকের ঘরে কিছু সংখ্যা লেখা আছে এবং ডান দিকে সেই সংখ্যাগুলো কথায় লেখা আছে। ছকের যে ঘরগুলোতে শূন্যস্থান আছে সেখানে সঠিক সংখ্যাটি অঙ্কে বা কথায় লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

0	zero
1	one
ক) ২	two
3	খ) _____
4	four

গ) _____	five
6	ঘ) _____
7	ঙ) _____
চ) _____	eight
9	ছ) _____

৩) অনুশীলনী

নিচের এলোমেলো বর্ণগুলো সঠিকভাবে সাজিয়ে নিন এবং সংখ্যাবিষয়ক বিভিন্ন শব্দ তৈরি করুন। আপনার উত্তরগুলো এলোমেলো বর্ণের পাশে দেওয়া শূন্যস্থানগুলোতে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

১. eno one
২. eesvn _____
৩. xsi _____
৪. gehti _____
৫. rezo _____

৪) অনুশীলনী

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে চর্চা করুন। এ জন্য অনুশীলনী-দুই-এর অঙ্কে ও কথায় লেখা সংখ্যাগুলো দুই মিনিট সময় নিয়ে মনোযোগ দিয়ে লক্ষ করুন। এবার আপনি ইংরেজিতে একটি সংখ্যা বলুন এবং আপনার বন্ধুকে সেই সংখ্যাটি বানান করতে বলুন। একইভাবে আপনার বন্ধুকেও বলুন কোনো একটি সংখ্যা বলতে এবং আপনি সেটি বানান করুন। সংখ্যাবিষয়ক এই অনুশীলনীটি আপনারা বিভিন্নভাবে চর্চা করতে পারেন।
যেমন :

You : How do you spell 3?

Friend : T-h-r-e-e.

উত্তর

অনুশীলনী-এক : ফাতিমা নুসরাতের কাছে তার মোবাইল ফোন নম্বর, অফিসের ফোন নম্বর এবং কখন তাকে ফোন করা যাবে তা জানতে চাইছেন।

অনুশীলনী-দুই : খ-three, গ-5, ঘ-six, ঙ-seven, চ-8, ছ-nine
অনুশীলনী-তিন : ২-seven, ৩-six, ৪-eight, ৫-zero

আমার ইংরেজি কোর্স - এক

চ্যান্ডার-দুই আপনার কি মোবাইল ফোন আছে? : তৃতীয় অংশ



হ্যালো, বিবিসি জানালা আমার ইংরেজি কোর্স-এক-এর দ্বিতীয় চ্যান্ডারে আপনাদের শিক্ষক হিসেবে আছি আমি মাবরুকা।
এই চ্যান্ডারে আমরা শিখছি সংখ্যা নিয়ে ইংরেজিতে কীভাবে কোনো কিছু বলতে হয়।
চ্যান্ডারটির তৃতীয় এই অংশে শিখুন সংখ্যাবিষয়ক গ্ৰামার।

১ অনুশীলনী

নিচের ছবিটি লক্ষ করুন। বলুন তো, নুসরাতের কয়টি ফোন আছে? ছবিটি দেখার পর ছবির নিচে থাকা বাক্যগুলো পড়ুন। এবার দেখুন তো, আপনি যা ভেবেছিলেন তা সঠিক ছিল কি না? নুসরাতের পরিবারে কার কাছে সবচেয়ে বেশি সংখ্যক ফোন রয়েছে সেটিও নিচের বাক্যগুলো থেকে খুঁজে বের করুন।



Hi. My name is Nusrat. I live with my family in Chittagong. I also work in Chittagong. I have two phones—one phone is for work (কর্মক্ষেে ব্যবহারের জন্য) and the other is for personal use (ব্যক্তিগত ব্যবহারের জন্য). My mother and father have one phone each (প্রত্যেকের), but my brother, Ashraf, has four phones!

২ অনুশীলনী

অনুশীলনী-এক-এর বাক্যগুলো আবার পড়ুন এবং নিচের শূন্যস্থানগুলো পূরণ করুন। প্রতিটি শূন্যস্থানে যেকোনো একটি সংখ্যা বসিয়ে বাক্যগুলো সম্পূর্ণ করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

১. Nusrat has two phones.
২. Nusrat's mother has _____ phone.
৩. Nusrat's father has _____ phone.
৪. Ashraf has _____ phones.

লক্ষ করুন, একের অধিক কোনো বস্তু সম্পর্কে কিছু বলার সময় বহুবচন বোঝাতে বস্তুটির নামের শেষে আমরা s যোগ করি। যেমন :

I have one phone. I have two phones.

কিছু বস্তুটির নামের শেষে o, s, z, x, sh বা ch-এই বর্ণগুলো থাকলে বহুবচনে s-এর পরিবর্তে es যোগ করা হয়। যেমন :

I have one box. I have two boxes.

৩ অনুশীলনী

নিচে শূন্যস্থানসহ কয়েকটি বাক্য রয়েছে এবং প্রতিটি বাক্যের শেষে ব্র্যাকেটে কিছু শব্দ দেওয়া আছে। ব্র্যাকেটের মধ্য থেকে সঠিক শব্দটি ব্যবহার করে বাক্যগুলো সম্পূর্ণ করুন। আপনার উত্তরগুলো বাক্যের মাঝে থাকা শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

১. She has two phones. (phone/phones)
২. There is one _____. (bus/buses)
৩. There are five _____. (box/boxes)
৪. I have two _____. (name/names)
৫. I have one phone _____. (number/numbers)

৪ অনুশীলনী

অনুশীলনী-এক-এর বাক্যগুলো আবার পড়ুন। এবার আপনার পরিবারের সদস্যদের সম্পর্কে একইভাবে কিছু বাক্য তৈরি করুন এবং সেগুলো লিখে রাখুন।

উত্তর

অনুশীলনী-এক : আশরাফের কাছে সবচেয়ে বেশি সংখ্যক চারটি ফোন রয়েছে।

অনুশীলনী-দুই : ২-one, ৩-one, ৪-four

অনুশীলনী-তিন : ২-bus, ৩-boxes, ৪-names, ৫-number

আমার ইংরেজি কোর্স-এক

চ্যান্টার-তিন আপনার বাড়ি নম্বর কত? : প্রথম অংশ



হ্যালো, বিবিসি জানালা আমার ইংরেজি কোর্স-এক-এর তৃতীয় চ্যান্টারে আপনাদের শিক্ষক হিসেবে আছি আমি মাবরুকা।
এই চ্যান্টারে আমরা শিখছি ঠিকানা নিয়ে ইংরেজিতে কীভাবে কিছু বলতে হয়।
চ্যান্টারটির প্রথম এই অংশে শিখুন ঠিকানাবিষয়ক কথোপকথন।

১ অনুশীলনী

আপনি কোথায় থাকেন? আপনার ঠিকানা কী?



মামুন ও মাহমুদা একটি ব্যাংক অ্যাকাউন্ট খুলতে চাইছেন। এ জন্য তারা ব্যাংকের একজন কর্মকর্তা ফয়সালের সঙ্গে কথা বলছেন। নিচে ফয়সালের সঙ্গে তাদের কথোপকথনটি পড়ুন। বলুন তো, মামুন ও মাহমুদার কাছে ফয়সাল কী জানতে চাইছেন?

- Faisal** : What is your address, please?
Mamun : Sorry, I do not understand.
Faisal : Where do you live?
Mamun : We live in Chittagong.
Faisal : And what is your house number?
Mahmuda : Our house number is nine.
Faisal : And what is your road number?
Mamun : It is eight.
Faisal : Thank you.

লক্ষ করুন, মামুন তার ও তার স্ত্রীর কথা বোঝাতে **We live in Chittagong.** এবং **Our house number is nine.** এই বাক্য দুটি ব্যবহার করেছেন।

২ অনুশীলনী

অনুশীলনী-এক-এর বাক্যগুলো আবার পড়ুন। এবার ডান দিকের বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যটির পাশে **T** লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে **F** লিখুন। **T** অর্থাৎ **True**, মানে সত্য এবং **F** অর্থাৎ **False**, মানে মিথ্যা। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

১. Mamun and Mahmuda live in Sylhet. [F]
২. Faisal asks Mamun for his phone number. []
৩. Mamun and Mahmuda's house number is eight. []
৪. Faisal asks Mamun and Mahmuda for their road number. []
৫. Mamun and Mahmuda's road number is four. []

৩ অনুশীলনী

নিচে ঠিকানাবিষয়ক কিছু ইংরেজি বাক্য দেওয়া আছে এবং বাক্যগুলোর নিচে আলাদা একটি বক্সে সেগুলোর বাংলা অর্থ লেখা আছে। ইংরেজি বাক্যগুলোর সঙ্গে বাংলা বাক্যগুলো মিলিয়ে নিন। আপনার উত্তরগুলো ইংরেজি বাক্যের পাশে দেওয়া শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

১. Where do you live? _____ গ
২. We live in Chittagong. _____
৩. What is your house number? _____
৪. Our house number is nine. _____
৫. What is your road number? _____
৬. Our road number is eight. _____

- ক. আপনার বাড়ি নম্বর কত?
খ. আপনার সড়ক নম্বর কত?
গ. আপনি কোথায় থাকেন?
ঘ. আমাদের সড়ক নম্বর আট।
ঙ. আমরা চট্টগ্রামে থাকি।
চ. আমাদের বাড়ি নম্বর নয়।

উত্তর

অনুশীলনী-এক : মামুন ও মাহমুদার কাছে ফয়সাল তাদের ঠিকানা, বাড়ি নম্বর ও সড়ক নম্বর জানতে চেয়েছেন।
অনুশীলনী-দুই : ২-F, ৩-F, ৪-T, ৫-F
অনুশীলনী-তিন : ২-ঙ, ৩-ক, ৪-চ, ৫-খ, ৬-ঘ

আমার ইংরেজি কোর্স-এক

চ্যান্টার-তিন আপনার বাড়ি নম্বর কত? : বিতীয় অংশ



হ্যালো, বিবিসি জানালা আমার ইংরেজি কোর্স-এক-এর তৃতীয় চ্যান্টারে আপনাদের শিক্ষক হিসেবে আছি আমি মাবরুকা।
এই চ্যান্টারে আমরা শিখছি ঠিকানা নিয়ে ইংরেজিতে কীভাবে কিছু বলতে হয়।
চ্যান্টারটির বিতীয় এই অংশে শিখুন ঠিকানাবিষয়ক শব্দাবলি।

১ অনুশীলনী

আপনি কি শহরে থাকেন, না গ্রামে?



নিচে মামুন ও মাহমুদা তাদের বাসস্থান সম্পর্কে কিছু কথা বলেছেন।
কথাগুলো পড়ুন। বলুন তো, তারা কি শহরে থাকেন, না গ্রামে?

Our names are Mamun and Mahmuda. We live in Chittagong with our son (ছেলে/পুত্র). We live in a small apartment in a big apartment block. Our apartment number is two, our house number is nine and our road number is eight. We have a postcode but I cannot remember (মনে রাখা) it. We live in a busy area (যাঙ এলাকা) of Chittagong. We go to our home village in the district of Chittagong once a year.

২ অনুশীলনী

অনুশীলনী-এক-এর বাক্যগুলো আবার পড়ুন। এবার বাঁ দিকের ইংরেজি শব্দগুলোর সঙ্গে ডান দিকের বাংলা শব্দগুলো মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

- | | |
|---------------------|--------------------------|
| ১. apartment | ক. বাড়ি নম্বর |
| ২. village | খ. জেলা |
| ৩. district | গ. পোস্টকোড |
| ৪. house number | ঘ. অ্যাপার্টমেন্টের সারি |
| ৫. road number | ঙ. অ্যাপার্টমেন্ট নম্বর |
| ৬. apartment block | চ. অ্যাপার্টমেন্ট |
| ৭. apartment number | ছ. গ্রাম |
| ৮. postcode | জ. সড়ক নম্বর |

৩ অনুশীলনী

নিচের এলোমেলো বর্ণগুলো সঠিকভাবে সাজিয়ে দিন এবং ঠিকানাবিষয়ক বিভিন্ন শব্দ তৈরি করুন। আপনার উত্তরগুলো এলোমেলো বর্ণের পাশে দেওয়া শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

- | | |
|--------------------|----------------|
| ১. lallegvi | <u>village</u> |
| ২. oshue breman | _____ |
| ৩. sitcrdit | _____ |
| ৪. taapmrtn | _____ |
| ৫. aodr mernbu | _____ |
| ৬. poostced | _____ |
| ৭. pataternn kclbo | _____ |

৪ অনুশীলনী

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে অনুশীলনী-দুই-এ দেওয়া শব্দগুলোর বানান চর্চা করুন। এ জন্য আপনারা বিভিন্নভাবে চর্চা করতে পারেন। যেমন :

- | | | |
|---------------|---|--------------------------------------|
| You | : | How do you spell village? |
| Friend | : | It's v-i-l-l-a-g-e. |
| You | : | That's correct. |
| Friend | : | What is the English for বাড়ি নম্বর? |
| You | : | It's house number. |
| Friend | : | Well done! |

উত্তর

অনুশীলনী-এক : তারা শহরে থাকেন।
অনুশীলনী-দুই : ২-ছ, ৩-খ, ৪-ক, ৫-জ, ৬-ঘ, ৭-ঙ, ৮-গ
অনুশীলনী-তিন : ২-house number, ৩-district,
৪-apartment, ৫-road number, ৬-postcode, ৭-apartment block

আমার ইংরেজি কোর্স-এক

চ্যাপ্টার-তিন) আপনার বাড়ি নম্বর কত? : তৃতীয় অংশ



হ্যালো, বিবিসি জানালা আমার ইংরেজি কোর্স-এক-এর তৃতীয় চ্যাপ্টারে আপনাদের শিক্ষক হিসেবে আছি আমি মাবরুকা।

এই চ্যাপ্টারে আমরা শিখছি ঠিকানা নিয়ে ইংরেজিতে কীভাবে কিছু বলতে হয়।

চ্যাপ্টারটির তৃতীয় এই অংশে শিখুন ঠিকানাবিষয়ক গ্রাম্যার।

১ অনুশীলনী

নিচের ছবিটি লক্ষ করুন। ছবির এই স্থানটি কোথায় বলে আপনার মনে হয়? শহরে, নাকি গ্রামে?



নিচে রবিন ও মিতার কথোপকথনটি পড়ুন। বলুন তো, মিতা কি গ্রামে থাকেন, না শহরে?

- Robin** : Where do you live?
Mita : I live in the village of Babuganj.
Robin : Which district is your village in?
Mita : It is in Barisal district.
Robin : Who do you live with?
Mita : I live with my husband and his mother and father.
Robin : What is your address?
Mita : It is house number...

২ অনুশীলনী

ডান দিকে শূন্যস্থানসহ কয়েকটি বাক্য রয়েছে এবং প্রতিটি বাক্যের শেষে ব্র্যাকেটে কিছু শব্দ দেওয়া আছে। ব্র্যাকেটের মধ্য থেকে সঠিক শব্দটি ব্যবহার করে বাক্যগুলো সম্পূর্ণ করুন। আপনার উত্তরগুলো বাক্যের মাঝে থাকা শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

- কোনো স্থান সম্পর্কে প্রশ্ন করার জন্য ইংরেজিতে আমরা where শব্দটি ব্যবহার করি। (where/who)
- কোনো ব্যক্তি সম্পর্কে প্রশ্ন করার জন্য আমরা _____ শব্দটি ব্যবহার করি। (what/who)
- কোনো সামগ্রী সম্পর্কে প্রশ্ন করার জন্য আমরা _____ শব্দটি ব্যবহার করি। (where/what)
- অল্প কিছুসংখ্যক স্থান বা সামগ্রীর মধ্য থেকে কোনো একটি সম্পর্কে প্রশ্ন করার জন্য আমরা _____ শব্দটি ব্যবহার করি। (what/which)

৩ অনুশীলনী

where, who, what বা **which** ব্যবহার করে নিচের বাক্যগুলো সম্পূর্ণ করুন। আপনার উত্তরগুলো বাক্যের মাঝে থাকা শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

- Where do you live?
- _____ do you live with?
- _____ is your address?
- _____ is your house number?
- _____ district is your village in?
- _____ is your apartment number?

৪ অনুশীলনী

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে চর্চা করুন। চর্চা করার সময় একে অন্যকে ঠিকানাবিষয়ক বিভিন্ন প্রশ্ন করুন এবং এসব প্রশ্নের উত্তর দিন এ জন্য অনুশীলনী-তিন-এর প্রশ্নগুলো থেকে সাহায্য নিন।

উত্তর

- অনুশীলনী-এক : মিতা গ্রামে থাকেন।
 অনুশীলনী-দুই : ২-who, ৩-what, ৪-which
 অনুশীলনী-তিন : ২-Who, ৩-What, ৪-What, ৫-Which,
 ৬-What

আমার ইংরেজি কোর্স - এক

চ্যান্টার-চার আপনার ইমেইল অ্যাড্রেস কী? : প্রথম অংশ



হ্যালো, বিবিসি জানালা আমার ইংরেজি কোর্স-এক-এর চতুর্থ চ্যান্টারে আপনাদের শিক্ষক হিসেবে আছি আমি মাবরুকা।

এই চ্যান্টারে আমরা শিখছি যোগাযোগের বিভিন্ন মাধ্যম নিয়ে ইংরেজিতে কীভাবে কোনো কিছু বলতে হয়।

চ্যান্টারটির প্রথম এই অংশে শিখুন যোগাযোগের তথ্যবিষয়ক কথোপকথন।

১ অনুশীলনী

আপনি কি ইমেইল করেন? আপনি সাধারণত কাকে ইমেইল পাঠিয়ে থাকেন?



রুমানা তার বন্ধু তানিয়ার সঙ্গে কথা বলছেন। নিচে রুমানা ও তানিয়ার কথোপকথনটি পড়ুন। বলুন তো, তানিয়ার ইমেইল অ্যাড্রেস কী?

Rumana : Do you have a computer?
Tania : Yes, I do.
Rumana : And do you use email?
Tania : Yes, sometimes.
Rumana : What's your email address?
Tania : It's abc@world.com.
 What about you? What's your email address?
Rumana : It's 123@rumana.com.

লক্ষ করুন, যেসব কাজ আমরা মাঝে মাঝে করি সেসব কাজের কথা বলার সময় আমরা **sometimes** শব্দটি ব্যবহার করি। সেই সঙ্গে মনে রাখবেন, ইংরেজি কথোপকথনের সময় আমরা **it**-কে সংক্ষেপে **it's** এবং **what is**-কে সংক্ষেপে **what's** বলে থাকি।

২ অনুশীলনী

অনুশীলনী-এক-এর বাক্যগুলো আরেকবার পড়ুন। এবার ডান দিকের বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যটির পাশে **T** লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে **F** লিখুন। **T** অর্থাৎ **True**, মানে সত্য এবং **F** অর্থাৎ **False**, মানে মিথ্যা। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

১. Rumana is talking to her friend. [T]
২. Tania has a computer. []
৩. Tania does not use email. []
৪. Rumana asks Tania for her phone number. []
৫. Tania does not ask Rumana for her email address. []
৬. Rumana has an email address. []

৩ অনুশীলনী

এবার আপনার নিজের সম্পর্কে কিছু প্রশ্নের উত্তর দিন। আপনার উত্তরগুলো প্রতিটি প্রশ্নের নিচে থাকা শূন্যস্থানে লিখুন।

১. Do you have a computer?

২. Do you use email?

৩. What's your email address?

৪. What's your friend's email address?

৪ অনুশীলনী

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে অনুশীলনী-এক-এর কথোপকথনটি স্পষ্টভাবে জোরে জোরে উচ্চারণ করে চর্চা করুন। চর্চা করার সময় একে অন্যকে রুমানা ও তানিয়ার বাক্যগুলো বলুন এবং প্রয়োজনে নিজেদের মধ্যে ভূমিকা পরিবর্তন করে বেশি বেশি চর্চা করুন।

উত্তর

অনুশীলনী-এক : তানিয়ার ইমেইল অ্যাড্রেস হলো abc@world.com।

অনুশীলনী-দুই : ১-T, ৩-F, ৪-F, ৫-F, ৬-T

আমার ইংরেজি কোর্স - এক

চ্যান্টার-চার আপনার ইমেইল অ্যাড্রেস কী? : দ্বিতীয় অংশ



হ্যালো, বিবিসি জানালা আমার ইংরেজি কোর্স-এক-এর চতুর্থ চ্যান্টারে আপনাদের শিক্ষক হিসেবে আছি আমি মাঝরুকা।

এই চ্যান্টারে আমরা শিখছি যোগাযোগের বিভিন্ন মাধ্যম নিয়ে ইংরেজিতে কীভাবে কোনো কিছু বলতে হয়।

চ্যান্টারটির দ্বিতীয় এই অংশে শিখুন যোগাযোগের তথ্যবিষয়ক শব্দাবলি।

১ অনুশীলনী

যোগাযোগের জন্য কোন মাধ্যমগুলো আপনি বেশি ব্যবহার করেন? নিচের বাক্যগুলো পড়ুন। বলুন তো, এখানে যোগাযোগের কতগুলো মাধ্যমের কথা বলা হয়েছে?



In today's world people can contact (যোগাযোগ করা) each other in different ways. If we need to make contact quickly (স্রুত) we can use a phone number – a mobile number or a work number. We can also use an email address – work email or personal email. If we have more time, then we can use our address so that people can send us a letter. You can put all this information (তথ্য) on a business card.

২ অনুশীলনী

নিচে বা দিকে কয়েকটি বাংলা শব্দ আছে। অনুশীলনী-এক-এর বাক্যগুলো থেকে এই বাংলা শব্দগুলোর ইংরেজি খুঁজে বের করুন। আপনার উত্তরগুলো প্রতিটি বাংলা শব্দের পাশে দেওয়া শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

- | | |
|---|----------------------|
| ১. মোবাইল নম্বর | <u>mobile number</u> |
| ২. ইমেইল অ্যাড্রেস | _____ |
| ৩. বিজনেস কার্ড/চাকরি বা ব্যবসার কাজে যোগাযোগের জন্য ব্যক্তিগত তথ্যসমৃদ্ধ কার্ড | _____ |
| ৪. ঠিকানা | _____ |
| ৫. চিঠি | _____ |
| ৬. অফিসের ইমেইল অ্যাড্রেস | _____ |
| ৭. ব্যক্তিগত ইমেইল অ্যাড্রেস | _____ |
| ৮. অফিসের ফোন নম্বর | _____ |

৩ অনুশীলনী

নিচের এলোমেলো বর্ণগুলো সঠিকভাবে সাজিয়ে নিন এবং ঠিকানা বিষয়ক বিভিন্ন শব্দ তৈরি করুন। আপনার উত্তরগুলো এলোমেলো বর্ণগুলোর পাশে দেওয়া শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

১. darsdes	<u>address</u>
২. orwk nmubre	_____
৩. mboeil ubnmer	_____
৪. sbuinses acdr	_____
৫. rwko meial	_____

৪ অনুশীলনী

এবার এই লেসনে শেখা শব্দগুলো আপনার নোটবুকে লিখে রাখুন। এ সময় আপনি চাইলে প্রতিটি ইংরেজি শব্দের পাশে শব্দগুলোর বাংলা অর্থও লিখে রাখতে পারেন। এ ছাড়া শব্দগুলো দিয়ে ইংরেজিতে কিছু বাক্যও তৈরি করতে চেষ্টা করুন। এভাবে বাক্য তৈরি করলে শব্দগুলো আপনি সহজেই মনে রাখতে পারবেন। শব্দগুলো ব্যবহার করে আপনি নানাভাবে বাক্য তৈরি করতে পারেন। যেমন :

I do not have an email address.

(আমার ইমেইল অ্যাড্রেস নেই।)

I have a business card.

(আমার বিজনেস কার্ড আছে।)

উত্তর

অনুশীলনী-এক : এখানে যোগাযোগের আটটি ভিন্ন ভিন্ন মাধ্যমের কথা বলা হয়েছে।

অনুশীলনী-দুই : ২-email address, ৩-business card, ৪-address, ৫-letter, ৬-work email, ৭-personal email, ৮-work number

অনুশীলনী-তিন : ২-work number, ৩-mobile number, ৪-business card, ৫-work email

আমার ইংরেজি কোর্স - এক

চ্যান্টার-চার আপনার ইমেইল অ্যাড্রেস কী? : তৃতীয় অংশ




হ্যালো, বিবিসি জানালা আমার ইংরেজি কোর্স-এক-এর চতুর্থ চ্যান্টারে আপনাদের শিক্ষক হিসেবে আছি আমি মাবরুকা।

এই চ্যান্টারে আমরা শিখছি যোগাযোগের বিভিন্ন মাধ্যম নিয়ে ইংরেজিতে কীভাবে কোনো কিছু বলতে হয়।

চ্যান্টারটির তৃতীয় এই অংশে শিখুন যোগাযোগের তথ্যবিষয়ক গ্রামার।

১ অনুশীলনী

আপনি কি কখনো কাউকে জন্মদিনের শুভেচ্ছা কার্ড পাঠিয়েছেন? পাঠিয়ে থাকলে কাকে পাঠিয়েছেন?



মিতা ও রুমানা তাদের বন্ধু তানিয়া সম্পর্কে কথা বলছেন। নিচে তাদের কথোপকথনটি পড়ুন। বলুন তো, মিতা এখানে কী জানতে চাইছেন?

- Mita** : What's Tania's address?
Rumana : I'm not sure. Why?
Mita : I want to send her a birthday card (জন্মদিনের কার্ড).
Rumana : When is Tania's birthday?
Mita : It's next week. It is the day after (পরে) Tarek's birthday.
Rumana : Really? I will phone her on her birthday.

লক্ষ করুন, ইংরেজিতে কথোপকথনের সময় আমরা প্রায়ই **What is-**কে সংক্ষেপে **What's** এবং **It is-**কে সংক্ষেপে **It's** বলে থাকি। আবার, কোনো কিছু সম্পর্কে নিশ্চিত না হলে তা জানানোর জন্য ইংরেজিতে আমরা বলি — **I'm not sure.**

২ অনুশীলনী

অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার পড়ুন। এবার ডান দিকের বাক্যগুলো লক্ষ করুন। প্রতিটি বাক্যের শেষে ব্র্যাকেটে কিছু শব্দ দেওয়া আছে। ব্র্যাকেটের মধ্য থেকে সঠিক শব্দটি ব্যবহার করে বাক্যগুলো সম্পূর্ণ করুন। আপনার উত্তরগুলো বাক্যের মাঝে থাকা শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

- Mita is talking to Rumana. (Rumana/Tania)
- Mita asks for Tania's _____ (address/phone number)
- Tania's birthday is _____. (tomorrow/next week)
- Rumana will _____ (send Tania a card/phone Tania)

লক্ষ করুন, একজন ব্যক্তির কোনো বিষয় বা তার কাছে থাকা কোনো সামগ্রী নিয়ে কথা বলার সময় ইংরেজিতে সেই ব্যক্তির নামের পর আমরা 's যোগ করে থাকি। যেমন :

What's Tania's address?
When is Tania's birthday?

৩ অনুশীলনী

নিচে বিভিন্ন ব্যক্তি ও তাদের কাছে থাকা কিছু সামগ্রীর নাম দেওয়া আছে বা দিকের এই শব্দগুলো ব্যবহার করে ইংরেজিতে বিভিন্ন বাক্য তৈরি করুন। আপনার উত্তরগুলো ডান দিকের শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

- Arif/computer It's Arif's computer.
- Sumon/house _____
- Nashid/email address _____
- Sagar/work number _____

৪ অনুশীলনী

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে অনুশীলনী-এক-এর কথোপকথনটি স্পষ্টভাবে জোরে জোরে উচ্চারণ করে চর্চা করুন। চর্চা করার সময় একে অন্যকে মিতা ও রুমানার বাক্যগুলো বলুন এবং নিজেদের মধ্যে ভূমিকা পরিবর্তন করে বেশি বেশি চর্চা করুন।

উত্তর

অনুশীলনী-এক : মিতা তানিয়ার ঠিকানা জানতে চাইছেন।

অনুশীলনী-দুই : ২- address, ৩-next week, 8-phone Tania

অনুশীলনী-তিন : ২-It's Sumon's house. ৩-It's Nashid's email address. 8-It's Sagar's work number.

আমার ইংরেজি কোর্স-এক

চ্যাপ্টার-পাঁচ আপনি কোথা থেকে এসেছেন? : প্রথম অংশ



হ্যালো, বিবিসি জানালা আমার ইংরেজি কোর্স-এক-এর পঞ্চম চ্যাপ্টারে আপনাদের শিক্ষক হিসেবে আছি আমি মাঝরুকা।

এই চ্যাপ্টারে আমরা শিখছি কোনো ব্যক্তি কোথা থেকে এসেছেন, সে সম্পর্কে ইংরেজিতে কীভাবে কিছু বলতে হয়।

চ্যাপ্টারটির প্রথম এই অংশে শিখুন দেশবিষয়ক কথোপকথন।

১ অনুশীলনী

আসুন, তৌফিকের সঙ্গে পরিচিত হই। এখানে তৌফিক বাংলাদেশে বেড়াতে আসা জন-এর সঙ্গে কথা বলছেন। নিচে তৌফিক ও জন-এর কথোপকথনটি পড়ুন। বলুন তো, তৌফিকের সঙ্গে কি জন-এর আগে কখনো দেখা হয়েছে?



Taufiq : Hello. I am Taufiq.
John : Nice to meet you, Taufiq.
 Where are you from?
Taufiq : I am from Bangladesh.
John : Which city are you from?
Taufiq : I am from Comilla. Which country are you from?
John : I am from Canada.
Taufiq : Welcome to Bangladesh. Enjoy your visit!
John : Thank you very much.

২ অনুশীলনী

অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার পড়ুন। এবার ডান দিকের শূন্যস্থানসহ বাক্যগুলো দেখুন। প্রতিটি বাক্যের শেষে ব্র্যাকেটে কিছু শব্দ দেওয়া আছে। ব্র্যাকেটের মধ্য থেকে সঠিক শব্দটি ব্যবহার করে বাক্যগুলো সম্পূর্ণ করুন। আপনার উত্তরগুলো বাক্যের মাঝে থাকা শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

১. Where are you from? (am/are)
২. Nice to _____ you. (meet/see)
৩. _____ city are you from? (Where/Which)
৪. I am _____ Banglades. (for/from)
৫. _____ your visit. (Welcome/Enjoy)
৬. Welcome _____ Bangladesh. (to/in)

৩ অনুশীলনী

নিচের এলোমেলো শব্দগুলো সঠিকভাবে সাজিয়ে নিন এবং বিভিন্ন বাক্য তৈরি করুন। আপনার উত্তরগুলো এলোমেলো শব্দের নিচে থাকা শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

১. to meet you. Nice
Nice to meet you.
২. you are Where from?

৩. Which are from? city you

৪. very much. Thank you

৫. I from Comilla. am

৪ অনুশীলনী

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে অনুশীলনী-এক-এর কথোপকথনটি স্পষ্টভাবে জোরের জোরের উচ্চারণ করে চর্চা করুন। চর্চা করার সময় একে অন্যকে তৌফিক ও জন-এর বাক্যগুলো বলুন এবং নিজেদের মধ্যে ভূমিকা পরিবর্তন করে বেশি বেশি চর্চা করুন।

উত্তর

অনুশীলনী-এক : তৌফিকের সঙ্গে জন-এর আগে কখনো দেখা হয়নি।
 অনুশীলনী-দুই : ২-meet, ৩-Which, ৪-from, ৫-Enjoy, ৬-to
 অনুশীলনী-তিন : ২-Where are you from? ৩-Which city are you from? ৪-Thank you very much. ৫-I am from Comilla.

আমার ইংরেজি কোর্স-এক

চ্যান্টার-পাঁচ আপনি কোথা থেকে এসেছেন? : দ্বিতীয় অংশ



হ্যালো, বিবিসি জানালা আমার ইংরেজি কোর্স-এক-এর পঞ্চম চ্যান্টারে আপনাদের শিক্ষক হিসেবে আছি আমি মাঝরুকা।

এই চ্যান্টারে আমরা শিখছি কোনো ব্যক্তি কোথা থেকে এসেছেন, সে সম্পর্কে ইংরেজিতে কীভাবে কিছু বলতে হয়।

চ্যান্টারটির দ্বিতীয় এই অংশে শিখুন দেশবিষয়ক শব্দাবলি।

১ অনুশীলনী

আপনার পরিবারের কোনো সদস্য কি দেশের বাইরে থাকেন? আসুন রবির সঙ্গে পরিচিত হই। রবি একজন শিক্ষার্থী। তার পরিবারের কয়েকজন সদস্য দেশের বাইরে থাকেন এবং তিনি বিভিন্ন দেশের মানুষের সঙ্গে দেখা করতে ভালোবাসেন। নিচে নিজের সম্পর্কে বলা রবির কথাগুলো পড়ুন। বলুন তো, রবির ভাই কোথায় থাকেন?



Hello. My name is Robi. I am from Bangladesh and I live in Dhaka. I am a student and I like to travel (ভ্রমণ). I like talking to visitors from different countries. I sometimes meet people from Canada, the USA and the UK. Last week (গত সপ্তাহ), I met some students from Korea and Japan. My brother lives in Malaysia and his wife is from Germany. My sister is a student in India. She wants to visit China when she finishes her studies (পড়াশোনা).

২ অনুশীলনী

নিচে বাঁ দিকে কয়েকটি বাংলা শব্দ দেওয়া আছে। অনুশীলনী-এক-এর বাক্যগুলো থেকে এই বাংলা শব্দগুলোর ইংরেজি মুঁজে বের করুন। আপনার উত্তরগুলো প্রতিটি বাংলা শব্দের পাশে দেওয়া শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

- | | | |
|-----------------|-------|-------|
| ১. ভারত | _____ | India |
| ২. মালয়েশিয়া | _____ | |
| ৩. চীন | _____ | |
| ৪. কোরিয়া | _____ | |
| ৫. জাপান | _____ | |
| ৬. যুক্তরাজ্য | _____ | |
| ৭. জার্মানি | _____ | |
| ৮. যুক্তরাষ্ট্র | _____ | |
| ৯. কানাডা | _____ | |

৩ অনুশীলনী

অনুশীলনী-এক-এর বাক্যগুলো আবার পড়ুন। এবার নিচের বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যটির পাশে T লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে F লিখুন। T অর্থাৎ True, মানে সত্য এবং F অর্থাৎ False, মানে মিথ্যা। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

- | | |
|--|-------|
| ১. Robi is from Bangladesh. | [T] |
| ২. Robi lives in Sylhet. | [] |
| ৩. Robi has met students from Korea and Japan. | [] |
| ৪. Robi's brother lives in Canada. | [] |
| ৫. Robi's sister-in-law is from Germany. | [] |
| ৬. Robi's sister is a student in India. | [] |

৪ অনুশীলনী

একজন বন্ধুকে সঙ্গে নিয়ে চর্চা করুন। অনুশীলনী-এক-এ দেওয়া দেশের নামগুলো দুই মিনিট সময় নিয়ে মনোযোগ দিয়ে লক্ষ করুন। এবার বাক্যগুলোর দিকে না তাকিয়ে আপনার বন্ধুকে কোনো একটি দেশের নাম ইংরেজিতে বানান করতে বলুন। আপনারা বিভিন্নভাবে এই অনুশীলনীটি চর্চা করতে পারেন। যেমন :

- | | |
|---------------|--|
| You | : How do you spell কোরিয়া in English? |
| Friend | : It's K-o-r-e-a. |
| You | : That's correct. |
| Friend | : How do you spell চীন in English? |
| You | : It's C-h-i-n-a. |
| Friend | : Well done! |

উত্তর

অনুশীলনী-এক : রবির ভাই মালয়েশিয়ায় থাকেন।
 অনুশীলনী-দুই : ২-Malaysia, ৩-China, ৪-Korea,
 ৫-Japan, ৬-the UK, ৭-Germany, ৮-the USA,
 ৯-Canada
 অনুশীলনী-তিন : ২-F, ৩-T, ৪-F, ৫-T, ৬-T

আমার ইংরেজি কোর্স - এক

চ্যাপ্টার-পাঁচ আপনি কোথা থেকে এসেছেন? : তৃতীয় অংশ



হ্যালো, বিবিসি জানালা আমার ইংরেজি কোর্স-এক-এর পঞ্চম চ্যাপ্টারে আপনাদের শিক্ষক হিসেবে আছি আমি মাবরুকা।

এই চ্যাপ্টারে আমরা শিখছি কোনো ব্যক্তি কোথা থেকে এসেছেন, সে সম্পর্কে ইংরেজিতে কীভাবে কিছু বলতে হয়।

চ্যাপ্টারটির তৃতীয় এই অংশে শিখুন দেশবিষয়ক গ্রামার।

১ অনুশীলনী

নাদিয়া একজন শিক্ষার্থী। তার বিশ্ববিদ্যালয়ে বিশ্বের বিভিন্ন দেশের শিক্ষার্থীরা রয়েছেন। নিচে নাদিয়ার সঙ্গে এমিলির কথোপকথনটি পড়ুন। এবার বলুন তো, নাদিয়ার বাবা-মা কোথা থেকে এসেছেন?



Nadia : Hello Emily. I'm Nadia. Where are you from?

Emily : Hi Nadia. I am from the UK. Where are you from?

Nadia : I am from Bangladesh. This is my friend, Kim. She is from Korea. And this is Abdul. He is from India.

Emily : Nice to meet you all. Which city are you from, Nadia?

Nadia : I am from Dhaka. Please come and visit my parents. They are from Chittagong.

Emily : Thank you. That would be lovely!

লক্ষ করুন, কোনো ব্যক্তি কোন দেশ থেকে এসেছেন বা তার বাড়ি কোথায় তা জানানোর সময় আমরা বাক্যে **verb be (am, is, are)** ব্যবহার করে থাকি। যেমন :

I **am** from Bangladesh.

You **are** from China.

He **is** from India.

She **is** from Korea.

We **are** from Dhaka.

They **are** from Chittagong.

আমি বাংলাদেশ থেকে এসেছি।

আপনি চীন থেকে এসেছেন।

তিনি ভারত থেকে এসেছেন।

তিনি কোরিয়া থেকে এসেছেন।

আমরা ঢাকা থেকে এসেছি।

তারা চট্টগ্রাম থেকে এসেছেন।

আবার, অন্য কোনো ব্যক্তি সম্পর্কে কিছু বলার সময় তিনি পুরুষ হলে **he** এবং নারী হলে **she** ব্যবহার করে বাক্য গঠন করা হয়। একের অধিক ব্যক্তি সম্পর্কে কিছু বলার সময় আমরা নারী-পুরুষ উভয় ক্ষেত্রেই **they** ব্যবহার করে থাকি।

২ অনুশীলনী

am, is বা **are** ব্যবহার করে নিচের বাক্যগুলো সম্পূর্ণ করুন। আপনার উত্তরগুলো বাক্যের মাঝে দেওয়া শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

১. Where are you from?

২. I _____ from the UK.

৩. Where _____ your mother from?

৪. She _____ from Rangamati.

৫. Where _____ they from?

৬. They _____ from China.

৩ অনুশীলনী

নিচের বাক্যগুলো লক্ষ করুন। সঠিক বাক্যগুলোর পাশে টিক চিহ্ন দিন এবং ভুল বাক্যগুলো চিহ্নিত করে তার নিচে বা ডান দিকে সঠিক বাক্যটি লিখুন। প্রথম দুটি উত্তর উদাহরণ হিসেবে দেওয়া হলো।

১. Where are you from? ✓

২. I is from Bangladesh. ✗
I am from Bangladesh.

৩. She am from the USA.

৪. He is from the UK.

৫. They is from Korea.

৬. We are from Gazipur.

৪ অনুশীলনী

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে অনুশীলনী-এক-এর কথোপকথনটি স্পষ্টভাবে জোরে জোরে উচ্চারণ করে চর্চা করুন। চর্চা করার সময় একে অন্যকে নাদিয়া ও এমিলির বাক্যগুলো বলুন এবং প্রয়োজনে নিজেদের ভূমিকা পরিবর্তন করে বেশি বেশি চর্চা করুন।

উত্তর

অনুশীলনী-এক : নাদিয়ার বাবা-মা চট্টগ্রাম থেকে এসেছেন।

অনুশীলনী-দুই : ২-am, ৩-is, ৪-is, ৫-are, ৬-are

অনুশীলনী-তিন : ৩-✗ She is from the USA. ৪-✓,

৫-✗ They are from Korea. ৬-✓

আমার ইংরেজি কোর্স - এক

চ্যান্টার-হয় আপনার জাতীয়তা কী? : প্রথম অংশ



হ্যালো, বিবিসি জানালা আমার ইংরেজি কোর্স-এক-এর ষষ্ঠ চ্যান্টারে আপনাদের শিক্ষক হিসেবে আছি আমি মাবরুকা।

এই চ্যান্টারে আমার শিখছি কোনো ব্যক্তির জাতীয়তা সম্পর্কে ইংরেজিতে কীভাবে কিছু বলতে হয়।

চ্যান্টারটির প্রথম এই অংশে শিশু জাতীয়তাবিষয়ক কথোপকথন।

১ অনুশীলনী

বলুন তো, আপনার জাতীয়তা কী? একইভাবে আপনি কি আপনার বন্ধু এবং পরিবারের অন্য সদস্যদের জাতীয়তা বলতে পারেন?



আসুন, সারার সঙ্গে পরিচিত হই। সারা একটি সম্মেলনে এসেছেন। এখানে তিনি ফাতিমা ও অমলের সঙ্গে কথা বলছেন। বলুন তো, তারা সবাই কি একই দেশ থেকে এসেছেন?

- Sarah** : Where do you live?
Fatima : I live in Singapore.
Sarah : What's your nationality?
 Are you from Singapore?
Fatima : No, I'm Bangladeshi,
 but I work in Singapore.
Sarah : Are you Bangladeshi too?
Amal : Yes, I am. What about you?
Sarah : I'm American.

লক্ষ করুন, প্রতিদিনের ইংরেজি কথোপকথনে আমরা প্রায়ই **I am**-কে সংক্ষেপে **I'm** বলে থাকি। আবার জাতীয়তা নিয়ে কিছু বলার সময় আমরা **the USA** থেকে আসা ব্যক্তিদের **American** এবং **the UK** থেকে আসা ব্যক্তিদের **British** বলে থাকি।

২ অনুশীলনী

অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার পড়ুন। এবার ডান দিকের শূন্যস্থানসহ বাক্যগুলো দেখুন। শূন্যস্থানে **Singapore**, **Bangladesh** বা **the USA**-এর যেকোনো একটি বসিয়ে বাক্যগুলো সম্পূর্ণ করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

১. Fatima lives in Singapore.
২. Fatima is from _____.
৩. Amal is from _____.
৪. Fatima works in _____.
৫. Sarah is from _____.

৩ অনুশীলনী

নিচে শূন্যস্থানসহ একটি কথোপকথন আছে এবং কথোপকথনের ওপরে একটি বক্সে কয়েকটি শব্দ দেওয়া আছে। বক্সে থাকা এই শব্দগুলো ব্যবহার করে শূন্যস্থানগুলো পূরণ করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

nationality	Singapore	Are
Bangladeshi	live	I'm

- Sarah** : Where do you ১. live ?
Fatima : I live in ২. _____.
Sarah : What's your ৩. _____?
 ৪. _____ you from Singapore?
Fatima : No, ৫. _____ Bangladeshi,
 but I work in Singapore.
Sarah : Are you ৬. _____ too?
Amal : Yes, I am. What about you?
Sarah : I'm American.

৪ অনুশীলনী

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে অনুশীলনী-এক-এর কথোপকথনটি স্পষ্টভাবে জোরে জোরে উচ্চারণ করে চর্চা করুন। চর্চা করার সময় একে অন্যকে সারাহ ও ফাতিমার বাক্যগুলো বলুন এবং প্রয়োজনে নিজেদের মধ্যে ভূমিকা পরিবর্তন করে বেশি বেশি চর্চা করুন।

উত্তর

অনুশীলনী-এক : ফাতিমা ও অমল একই দেশ থেকে এবং সারা ডান স্পষ্টভাবে জোরে জোরে উচ্চারণ করে চর্চা করুন।

অনুশীলনী-দুই : ২-Bangladesh, ৩-Bangladesh,

৪-Singapore, ৫-the USA

অনুশীলনী-তিন : ২-Singapore, ৩-nationality, ৪-Are,

৫-I'm, ৬-Bangladeshi

আমার ইংরেজি কোর্স-এক

চ্যান্টার-হয় আপনার জাতীয়তা কী? : বিত্তীয় অংশ



হ্যালো, বিবিসি জানালা আমার ইংরেজি কোর্স-এক-এর ষষ্ঠ চ্যান্টারে আপনাদের শিক্ষক হিসেবে আছি আমি মাঝরুকা।

এই চ্যান্টারে আমরা শিখছি কোনো ব্যক্তির জাতীয়তা সম্পর্কে ইংরেজিতে কীভাবে কিছু বলতে হয়।

চ্যান্টারটির বিত্তীয় এই অংশে শিখুন জাতীয়তাবিবয়ক শব্দাবলি।

১ অনুশীলনী

আপনার জন্মস্থান কোথায়? সেটি কি চমৎকার কোনো স্থান?



নিচে সারা তার নিজের ও অন্যদের জাতীয়তা সম্পর্কে কিছু কথা বলেছেন। বাক্যগুলো পড়ুন। বলুন তো, নিউ ইয়র্ক কেন একটি চমৎকার শহর?

